কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

অফিস আদেশ

নং-   তাং-

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ম্যানেজমেন্ট কমিটির ৮৪তম সভা গত ১৯-০৯-২০১৬ তারিখে মহাপরিচালক মহোদয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর আলোচ্য সুচিঃ ৩-এ ডিএই'র বিসিএস (কৃষি) ক্যাডার/নন-ক্যাডার কর্মকর্তাদের উচ্চশিক্ষার জন্য ছুটি/অনুমতির বিষয়ে ৬ (ছয়) সদস্য বিশিষ্ট ১টি কমিটি গঠন করা হয় এবং একটি অনুসরনীয় নীতিমালা প্রণয়ন করা হয় (কপি সংযুক্ত)।

এ অবস্থায়, ডিএই'র বিসিএস (কৃষি) ক্যাডার/নন-ক্যাডার কর্মকর্তাগণ উক্ত নীতিমালা অনুসরণপূর্বক উচ্চশিক্ষার ছুটি/অনুমতি প্রাপ্তির লক্ষ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
মোঃ মনজুরুল হান্নান
পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নং-১এম-১/২০১১(৪)/   তারিখঃ-

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। পরিচালক, ...উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (সকল)।
২। উপ পরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। পত্র দুটি ডিএই'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৪। পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫। নথির জন্য।

(ড. মোঃ আঃ ছালাম)
উপ পরিচালক (প্রশাসন)
পক্ষে-মহাপরিচালক
ফোনঃ ৯১২৫০৫৩

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ম্যানেজমেন্ট কমিটির ৮৪তম সভার কার্যবিবরণী

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ম্যানেজমেন্ট কমিটির ৮৪তম সভা ১৯.০৯.২০১৬ খ্রি. রবিবার সকাল ১১.০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ হামিদুর রহমান, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি কমিটির সদস্য সচিব জনাব প্রতীপ কুমার মন্ডল, পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-কে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব সে মোতাবেক আলোচনা শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
আলোচ্যসূচি ঃ ১ ১৯.০৯.২০১৬ খ্রি. অনুষ্ঠিত ৮৪ তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।	সদস্য সচিব বিগত ১৯.০৯.২০১৬ খ্রি. অনুষ্ঠিত ৮৪তম সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষে সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। সভার কার্যবিবরণী বিষয়ে কোন আপত্তি উত্থাপিত না হওয়ায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী গৃহীত হয়।	৮৪ তম সভার কার্যবিবরণী দৃঢ়করণ এবং অনুমোদন করা হলো।	সংশ্লিষ্ট সকল
আলোচ্যসূচি ঃ ২ ডিএই'র আর্থিক ব্যবস্থাপনা গতিশীলকরণ সংক্রান্ত।	সভাপতি মহোদয় জানান ডিএই'র আর্থিক ব্যবস্থাপনা ও কর্মক্ষমতা দ্রুত বৃদ্ধি করা প্রয়োজন। পরিচালক, প্রশাসন ও অর্থ উইং সভাকে অবহিত করেন যে, মাঠ পর্যায়ে চাহিদা ভিত্তিক ও সময় মত অর্থ বরাদ্দ দেওয়া প্রয়োজন। এ ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ে হতে টাকা নির্দিষ্ট সময়ের মধ্যেই ছাড়করণ করা দরকার। মাঠে অর্থ বরাদ্দের ক্ষেত্রে স্বচ্ছতা আনা প্রয়োজন। পরিচালক, সরেজমিন উইং সভাকে অবহিত করেন যে, মাঠ পর্যায়ে অর্থ খরচের গতিশীলতা আনতে মাঠের কর্মকর্তাদের প্রশিক্ষণ দেওয়া প্রয়োজন। তিনি অডিট টিমকে শক্তিশালীকরণসহ মাঠ পর্যায়ের অফিসসমূহে নিয়মিত ডিএই থেকে অডিট টিম পাঠানোর পরামর্শ দেন। উন্নয়ন ও রাজস্ব খাত উভয়ের আন্তঃনীরিক্ষা প্রয়োজন।	ক) প্রয়োজনীয়তার নীরিখে সময়মত অর্থ বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়। খ) বিধি মোতাবেক (পিপিআর অনুসরণ) অর্থ খরচের সিদ্ধান্ত হয়। গ) অডিট টিম গঠন করে মাঠে প্রেরণের সিদ্ধান্ত হয়। ঘ) অর্থের বিদ্যমান পরিস্থিতি কি তার ওপর আগামী ২২.০৯.২০১৬ তারিখে আঞ্চলিক পরিচালকগণের সভায় বিস্তারিত উপস্থাপনের সিদ্ধান্ত হয়।	পরিচালক, প্রশাসন ও অর্থ উইং
আলোচ্যসূচি ঃ ৩ ডিএই'র উচ্চশিক্ষার নীতিমালা সংক্রান্ত।	ক) পরিচালক, প্রশাসন ও অর্থ উইং সভাকে অবহিত করেন যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তাদের জন্য উচ্চ শিক্ষা সংক্রান্ত বিষয়ে একটি অনুসরণীয়	ক) উচ্চ শিক্ষা অনুমোদনের জন্য কমিটি গঠন করা হয় এবং প্রদত্ত ToR অনুযায়ী কমিটি আবেদন পত্র বাছাই করে মনোনয়ন দিবেন।	পরিচালক, প্রশাসন ও অর্থ উইং

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	২
	নীতিমালা থাকা প্রয়োজন। তিনি সভায় উচ্চ শিক্ষার বিষয়ে নীতিমালা তুলে ধরেণ। সভায় উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন।	উচ্চ শিক্ষা কমিটি ঃ ১. পরিচালক, প্রশাসন ও অর্থ উইং- সভাপতি ২. পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং- সদস্য ৩. পরিচালক, সরেজমিন উইং, সদস্য ৪. পরিচালক, প্রশিক্ষণ উইং- সদস্য ৫. সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক- সদস্য ৬. উপপরিচালক, প্রশাসন ও অর্থ উইং- সদস্য সচিব। অনুসরনীয় নীতিমালা ঃ ১. প্রার্থীকে নির্ধারিত ছকে আবেদন করতে হবে। ২. শিক্ষা ছুটি গ্রহণের মাধ্যমে পিএইচডি প্রার্থীর জন্য ৪৫ বছর এবং এমএস/এমএসসি প্রার্থীর জন্য ৪২ বছরের উর্ধ্বের বয়সের প্রার্থীগণের আবেদন বিবেচিত হবে না। ৩. একবার এমএস/এমএসসি ও পিএইচডি ডিগ্রি নেওয়ার পর দ্বিতীয়বার এমএস/এমএসসি, পিএইচডি ডিগ্রির জন্য আবেদন করা যাবে না। ৪.পিএইচডি এবং এমএস/এমএসসি এর আবেদনের জন্য মাঠ পর্যায়ে কমপক্ষে পাঁচ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ৫. চাকুরীতে অবশ্যই স্থায়ী হতে হবে এবং জৈষ্ঠতার ভিত্তিতে উচ্চ শিক্ষার জন্য প্রার্থী নির্বাচিত হবেন। ৬. প্রকল্পে চাকুরীকালীন এবং এলআর পদে থাকা অবস্থায় উচ্চ শিক্ষার জন্য শিক্ষাছুটির/অনুমতির জন্য আবেদন করা যাবে না। ৭. পিএইচডি, এমএস/এমএসসি ডিগ্রি অর্জনের পর কমপক্ষে পাঁচ বছর মাঠে অর্থাৎ জেলা/উপজেলা পর্যায়ে চাকুরী করতে হবে। ৮. পোষ্ট পিএইচডি/ ফেলোশিপএর জন্য আবেদন গ্রহণযোগ্য হবেনা। ৯. প্রকল্পে কর্মরত কর্মকর্তাগণ প্রকল্পের অর্থায়ন ব্যাতীত উচ্চশিক্ষার (এমএস/এমএসসি ও পিএইচডি) জন্য বিবেচিত হবে না।	
আলোচ্যসূচি ঃ ৪ খামারবাড়ির সৌন্দর্য্য বৃদ্ধিকরণ ও নিরাপত্তা সংক্রান্ত ।	সভাপতি মহোদয় সভাকে অবহিত করেণ যে, কর্ম পরিবেশের সৌন্দর্য কাজের স্পৃহা বাড়ায়। কাজেই কর্ম পরিবেশ সুন্দর রাখতে হবে। পরিকল্পনা উইং এর পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধিতে বিশেষ উদ্যোগ নিতে হবে। পরিচালক, প্রশাসন ও অর্থ উইং সভাকে অবহিত করেন যে, শিগ্রই খামারবাড়ির ময়লা আর্বজনা পরিস্কার হয়ে যাবে। নিরাপত্তা বৃদ্ধির জন্য কর্মকর্তাতের জন্য পরিচিতি কার্ড দিতে হবে। কর্মচারীদের অফিসে রাত্রিযাপন বন্ধ করতে হবে। আনসার	ক) পরিকল্পনা উইং এর জন্য মাষ্টার রোলে পরিচ্ছন্নতা কর্মী নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। খ) ডিএইর সদর দপ্তরে ফার্মলেবার পদায়নকরতঃ খামারবাড়ির চার দিকে শেভাবর্ধনকারী গাছ লাগানোর জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। গ) শীগ্রই কর্মচারীদের পরিচিতি কার্ড দেওয়ার সিদ্ধান্ত হয়। ঘ) আনসার সদস্যদের টহল টিমে সদস্য সংখ্যা দুই জন থেকে বাড়িয়ে তিন জন করার সিদ্ধান্ত গৃহীত হয়। মূল গেইটে মেটাল ডিটেক্টর দেওয়ার সিদ্ধান্ত হয়। ঙ) ডিএই'র গাড়ী ব্যতিত অন্য কারও গাড়ী প্রথম বিল্ডিং অতিক্রম না করে তার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। চ) সিসি ক্যামেরার ভিডিও ফুটেজ পাক্ষিক মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং এবং পরিচালক, হর্টিকালচার উইং।

	করেন।		
আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
	গ) পরিচালক, প্রশাসন ও অর্থ উইং সভাকে অবহিত করেন যে, ডিএই'র বিভিন্ন উইং এ কর্মরত কিছু কিছু কর্মকর্তা মূল পদে কাজ না করে একাধিক ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসাবে নিয়োজিত আছেন। কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই বিভিন্ন সভা ও অন্যান্য কর্মকান্ডে অংশগ্রহণ করছেন। উইংভিত্তিক কোন কর্মকর্তা কোন বিষয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং একজন কর্মকর্তা কয়টি বিষয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা তাহা কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হচ্ছেনা। বিষয়টি বিবেচনায় নেওয়া প্রয়োজন।	১) উইং ভিত্তিক কোন কর্মকর্তা কোন কোন বিষয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা তার তালিকাকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২) তালিকা প্রাপ্তির পর সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে নিয়ে ১০.১০.২০১৬ তারিখে সভা আয়োজনের নিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক, প্রশাসন ও অর্থ উইং এবং পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং

(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক, ডিএই
এবং
সভাপতি, ম্যানেজমেন্ট কমিটি